

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 18-11-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, ত্রিপুরায় পর্যটন শিল্প বিকাশের যথেষ্ট সম্ভাবনা রয়েছে।
- (২) ১৯তম G-20 শীর্ষ সম্মেলন আজ ব্রাজিলের রিও ডি জেনেরিওতে আধুনিক শিল্প জাদুঘরে শুরু হয়েছে।
- (৩) তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, রাজ্য সরকার সাধারণ মানুষের জীবন যাত্রার উন্নতি বিধানে কাজ করে চলেছে।
- (৪) আগামী তেসরা ডিসেম্বর দিব্যাঙ্গজন দিবসে রাজ্যের প্রতিটি জেলায় জেলাভিত্তিক দিব্যাঙ্গজন দিবস উদযাপনের সঙ্গে জেলাভিত্তিক খেলো ত্রিপুরা প্যারা গেমস'র আয়োজন করা হবে।

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, ত্রিপুরায় পর্যটনের শিল্প বিকাশের যথেষ্ট সম্ভাবনা রয়েছে। আজ আগরতলার শিবনগরে গেদুমিয়াঁ মসজিদ পরিদর্শনকালে তিনি একথা বলেন। রাজ্যপাল বলেন, রাজ্যে অনেকগুলি পুরনো ও ঐতিহাসিক সৌধ রয়েছে। গেদু মিঞা মসজিদও একটি ঐতিহাসিক সৌধ। মসজিদটি খুবই সুন্দর এবং একটি পর্যটনকেন্দ্রও। গেদু মিঞা মসজিদ কমিটির সভাপতি মহম্মদ সালিম মিঞা, সচিব মহম্মদ অনু মিঞা এই মসজিদের ইতিহাস সম্পর্কে রাজ্যপালকে অবহিত করেন।

পরিদর্শনের সময় রাজ্যপালের সঙ্গে উপস্থিত ছিলেন ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মহম্মদ মবস্বর আলি, সংখ্যালঘু উন্নয়ন নিগমের চেয়ারম্যান মহম্মদ জসিমউদ্দীন, গেদুমিঞা মসজিদের মৌলানা।

Union Minister :

কেন্দ্রীয় গ্রামোন্নয়ন ও যোগাযোগ প্রতিমন্ত্রী ডঃ চন্দ্র শেখর পেন্মাসানি আজ নয়াদিল্লির ভারত মণ্ডপমে ৪৩তম ভারত আন্তর্জাতিক বাণিজ্য মেলায় সরস আজীবিকা মেলা ২০২৪ এর উদ্বোধন করেন। প্রতিমন্ত্রী ডঃ পেন্মাসানি দৃঢ় বিশ্বাস ব্যক্ত করে বলেন, ৩ কোটি লাখপতি দিদি গড়ার লক্ষ্যমাত্রা পূরণ করা হবে এবং তা আরও এগিয়ে নিয়ে যাওয়া হবে।

উদ্বোধনের পর কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সরস আজীবিকা মেলার সমস্ত স্টল পরিদর্শন করেন এবং সমস্ত স্ব-সহায়ক দলের সঙ্গে মতবিনিময় করেন। প্রতিমন্ত্রী সরস আজীবিকা মেলায় প্রদর্শিত বিভিন্ন ধরনের পণ্য দেখে অত্যন্ত মুগ্ধ হন।

SBI :

কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী নির্মলা সীতারামন আজ স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়াকে তাদের অতুলনীয় বৃদ্ধির জন্য স্বাগত জানিয়েছেন। মুম্বাইতে এসবিআইয়ের মুম্বাই প্রধান শাখা ভবনের শতবর্ষ উদযাপন অনুষ্ঠানে অর্থমন্ত্রী বলেন যে আজ SBI এর ২২ হাজার ৫০০ টিরও বেশি শাখা, ৬৫ হাজার এটিএম, ৮৫ হাজার ব্যাঙ্কিং কorespondেন্ট এবং ৫০ কোটির বেশি গ্রাহক রয়েছে। তিনি আরও উল্লেখ করেছেন যে SBI হল ভারতের একমাত্র ব্যাঙ্ক যা 'ফরচুন 500'-এ তালিকাভুক্ত।

Cooperative Week- Sepahijala :

৭১তম অখিল ভারত সমবায় সপ্তাহ উদযাপন উপলক্ষে আজ চড়িলামের লীলা দেব স্মৃতি কমিউনিটি হলে সিপাহীজলা জেলাভিত্তিক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত। তিনি বলেন, গ্রামীণ অর্থনীতির উন্নয়নের মধ্যে দিয়েই সমৃদ্ধশালী দেশ ও রাজ্য গঠন করা যায়। তাই প্রতিটি মানুষকে আত্মনির্ভর হতে হবে। সেই লক্ষ্যেই কাজ করছে কেন্দ্র ও রাজ্য সরকার। আর এই লক্ষ্যে পৌঁছানোর সবচেয়ে সহজ উপায় হলো সমবায় গঠন করা। রাজ্য সরকারও তাই বিষয়টিকে অত্যাধিক গুরুত্ব দিয়ে প্রতিটি গ্রামীণ এলাকায় অন্তত একটি করে সমবায় সংগঠন গঠন করতে চাইছে। আলোচনাচক্রে জেলার অন্তর্গত বিভিন্ন সমবায় সমিতি, ল্যাম্পস ও প্যাক্স থেকে পদাধিকারীরা অংশ গ্রহণ করেন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক কিশোর বর্মণ, অন্তরা সরকার দেব, জিলা পরিষদের সদস্য গৌরাঙ্গ ভৌমিক, অতিরিক্ত জেলা শাসক সুব্রত মজুমদার।

PM-Brazil :

১৯তম G-20 শীর্ষ সম্মেলন আজ ব্রাজিলের রিও ডি জেনেরিওতে আধুনিক শিল্প জাদুঘরে শুরু হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই শীর্ষ সম্মেলনে যোগদানের উদ্দেশ্যে রিওতে পৌঁছালে প্রবাসী ভারতীয়রা সংস্কৃত শ্লোক মন্তোচারণ করে তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানান। চিনের রাষ্ট্রপতি শি জিনপিং ও আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেনও এই শীর্ষ সম্মেলনে সামিটে যোগ দেবেন। ব্রাজিলে G-20 বৈঠকে যোগ দেওয়ার পর গায়ানা সফরে যাবেন প্রধানমন্ত্রী শ্রী মোদী। সে দেশের প্রেসিডেন্ট মহম্মদ ইরফান আলির আমন্ত্রণেই গায়ানা সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী।

Labour Minister :

শ্রমমন্ত্রী টিংকু রায়ের পৌরহিত্যে আজ সচিবালয়ে কর্মচারী রাজ্য বীমা নিগমের দ্বিতীয় আঞ্চলিক বৈঠক হয়। মন্ত্রী শ্রী রায় জানান, বৈঠকে কর্মীদের কল্যাণ ও বীমা সেবা কার্যক্রমের মানোন্নয়ন নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়। আরও উন্নত ও কার্যকরী সেবা নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে তিনি জানান।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৪শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’ -এর ১১৬তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নমঃ APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Review Meeting-Unakoti :

মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ ও তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস এর সভাপতিত্বে আজ এক বৈঠক কৈলাশহর সার্কিট হাউসে অনুষ্ঠিত হয়। বৈঠকে সংশ্লিষ্ট দপ্তরগুলির কাজকর্মের পর্যালোচনা করা হয় এবং ভবিষ্যৎ কর্মধারা নিয়ে মতবিনিময় করা হয়। আজকের বৈঠক সম্পর্কে মন্ত্রী সুধাংশু দাস জানান, বর্তমান রাজ্য সরকার মানুষের জীবন যাত্রার উন্নতি বিধানে কাজ করে চলেছেন। দপ্তরগুলির কাজকর্মের সফলতা ও ঘাটতি ইত্যাদি বিষয়ে পর্যালোচনার জন্য আজকের বৈঠকের আয়োজন।

Manipur :

মণিপুরে উদ্ভূত আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোকাবেলায় কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক আরও ৫০ কোম্পানি কেন্দ্রীয় সশস্ত্র নিরাপত্তা কর্মী পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের পৌরহিত্যে আজ নয়াদিল্লিতে এক বৈঠকে মণিপুরের সর্বশেষ পরিস্থিতি পর্যালোচনার পর এই সিদ্ধান্ত নেওয়া হয়। মণিপুরের উদ্ভূত পরিস্থিতি নিয়ে আজ রাতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী পুনরায় বৈঠকে বসার কথা রয়েছে। এই বৈঠকে মণিপুর সরকারের মুখ্যসচিব, ডিজিপি সহ সব কেন্দ্রীয় বাহিনীর শীর্ষ আধিকারিকরা স্বরাষ্ট্রমন্ত্রীকে পরিস্থিতির সর্বশেষ তথ্য জানাবেন।

BJP Yoba Morcha press Meet :

আগামী ২০ নভেম্বর থেকে নমো যুবা বাইক যাত্রা কর্মসূচি পালন করবে প্রদেশ যুব মোর্চা। আজ আগরতলায় বিজেপি রাজ্য কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে এই ঘোষণা দেন যুব মোর্চার রাজ্য সম্পাদক রানা ঘোষ। তিনি বলেন, নমো যুবা বাইক যাত্রা শুরু হবে আগামী ২০শে নভেম্বর সকাল ৯টায় সাব্রুমের মৈত্রী সেতু থেকে। উপস্থিত থাকবেন বিজেপির রাজ্য সভাপতি সাংসদ রাজীব ভট্টাচার্য, যুব মোর্চার রাজ্য সভাপতি সুশান্ত দেব। আগামী ২৭শে নভেম্বর বেলা ১২টায় ধর্মনগরে পদযাত্রা শেষ হবে।

Congress :

বিশালগড় জেলা কংগ্রেস ও কমলাসাগর ব্লক কংগ্রেসের উদ্যোগে আজ টাকারজলা বাজারে থেকে জম্পুইজলা বাজার পর্যন্ত সংহতি পদযাত্রা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক অশোক দেববর্মা, জেলা কংগ্রেস সভাপতি গোপীনাথ সাহা ও অন্যান্য নেতৃবৃন্দ।

Kishan Khet Majdur :

সারা ভারত কিশাণ ক্ষেত মজদুর সংগঠনের রাজ্য শাখার পক্ষ থেকে আজ আগরতলায় কৃষি অধিকর্তার কাছে কৃষকদের স্বার্থ সম্বলিত একটি দাবী সনদ পেশ করা হয়। উল্লেখযোগ্য দাবীগুলির মধ্যে রয়েছে, সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের ক্ষয়ক্ষতির উপযুক্ত মূল্যায়ন করে আর্থিক সাহায্যের ব্যবস্থা করা, বন্যা কবলিত এলাকাগুলিতে ধারাবাহিকভাবে রেগার কাজ শুরু করা এবং কৃষি ঋণ মকুব করা। তাছাড়া সরকারী উদ্যোগে সার, বীজ, কীটনাশক ঔষধ সরবরাহ করারও দাবী জানায় সংগঠন।

Yoga :

৪২তম রাজ্যভিত্তিক যোগাসন প্রতিযোগিতা রাজধানী আগরতলার প্রাচ্য ভারতী স্কুলে অনুষ্ঠিত হয়। সারাদিন ব্যাপী প্রতিযোগিতার পর আসরের সমাপ্তি হয় রবিবার রাত দশটায়। ৮টি জেলার ২৭৫ জন প্রতিযোগী এবং প্রতিযোগিনীকে নিয়ে এই আসরে পশ্চিম জেলার ধৃতি দেবনাথ যোগ রত্না ও একই জেলার দেবার্পন কুন্ডু যোগ ভাস্কর খেতাব দখল করে। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় উপস্থিত ছিলেন। আগামী ২৮শে ডিসেম্বর থেকে ঝাড়খণ্ডের ধানবাদে আয়োজিত ৪৩তম জাতীয় যোগাসন প্রতিযোগিতায় এই আসর থেকে বাছাই করে রাজ্যদল পাঠানো হবে। ত্রিপুরা যোগাসন অ্যাসোসিয়েশনের উদ্যোগে ও পশ্চিম জেলা যোগাসন এসোসিয়েশনের পরিচালনায় হয় এই আসর। আসরে সার্বিকভাবে চ্যাম্পিয়ন হয় পশ্চিম জেলা এবং রানার্স গোমতী জেলা।

State Level Khelo Tripura :

আগামী তেসরা ডিসেম্বর দিব্যাঙ্গজন দিবসে রাজ্যের প্রতিটি জেলায় জেলাভিত্তিক দিব্যাঙ্গজন দিবস উদযাপনের সঙ্গে জেলাভিত্তিক খেলো ত্রিপুরা প্যারা গেমস'র আয়োজন করা হবে। ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে স্বামী বিবেকানন্দ ময়দানে রাজ্যভিত্তিক খেলো ত্রিপুরা প্যারা গেমস অনুষ্ঠিত হবে। রাজ্যভিত্তিক খেলো ত্রিপুরা প্যারা গেমসে ১৪টি ইভেন্টে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আজ সচিবালয়ে ক্রীড়ামন্ত্রী টিংকু রায়ের পৌরহিত্যে এক সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

Naidu Trophy :

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় স্বাগতিক ওড়িশা ১২ রানে ত্রিপুরাকে পরাজিত করেছে। ওড়িশার সুন্দরগড়ে অনুষ্ঠিত খেলার চতুর্থ তথা শেষ দিনে আজ ১৫০ রানের জয়ের লক্ষ্যে রাজ্যদল ৬ উইকেটে ১০১ রান থেকে খেলতে নেমে দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৩৭ রান করে। এর আগে ওড়িশার প্রথম ইনিংসের ১৫৭ রানের জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে ১৩১ রান করেছিল। লিড নিয়ে ওড়িশা দ্বিতীয় ইনিংসে করেছিল ১২৩ রান। ফলে রাজ্যদল আসরে গ্রুপের পাঁচটি ম্যাচের সবকটিতে পরাজিত হয়।

Weather :

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭.৬ ডিগ্রি সেলসিয়াস।
